

# 1

# মনোবিজ্ঞান ও শিক্ষার সম্পর্ক (Relation between Psychology and Education)

## অতিসংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর — Marks 2

**প্রশ্ন 1. মনোবিজ্ঞান কী? (What is Psychology?)**

**উত্তর :** মনোবিদদের দেওয়া বিভিন্ন সংজ্ঞার নির্যাস হিসেবে বলা যায় যে, মনোবিজ্ঞান জীবের আচরণ সম্বন্ধীয় বিষয়নিষ্ঠ একটি বিজ্ঞান, যা জীবের আচরণের ভিত্তিতে মানসিক প্রতিক্রিয়ার বিশ্লেষণ, শ্রেণিবিভাগ, গতিপ্রকৃতি, নিয়ম, বিষয়, কারণ ও পরিমাণ নির্ণয় ও ব্যাখ্যা করে এবং মানসিক প্রক্রিয়ার সঙ্গে যুক্ত বিভিন্ন দেহগত প্রক্রিয়াগুলিকে ব্যাখ্যা করে।

**প্রশ্ন 2. 'সাইকোলজি' শব্দটি বিশ্লেষণ করো। (Explain the word 'Psychology'.)**

**উত্তর :** প্রাচীন গ্রিক দার্শনিক অ্যারিস্টট্‌ল সাইকোলজিকে আত্মার বিজ্ঞান হিসেবে বর্ণনা করেছিলেন। ইংরেজি 'Psychology' শব্দটি লাতিন Psyche এবং Logos এই দুটি শব্দের সমন্বয়ে গঠিত। Psyche শব্দের অর্থ হল আত্মা এবং Logos-এর অর্থ হল বিজ্ঞান, অর্থাৎ 'সাইকোলজি' হল আত্মার বিজ্ঞান। পরবর্তীকালে 'আত্মার' পরিবর্তে গৃহীত হয়েছে 'মন', অর্থাৎ মনের বিজ্ঞান। বর্তমানে অধিকাংশের মতে সাইকোলজি হল আচরণের বিজ্ঞান।

**প্রশ্ন 3. মনোবিজ্ঞানের কয়েকটি সংজ্ঞা দাও। (Give some definitions of Psychology.)**

**উত্তর :** মনোবিদ ***McDougall*** বলেন, "Psychology is the positive science of behaviour of living things" অর্থাৎ মনোবিজ্ঞান হল প্রাণীর আচরণের বিষয়নিষ্ঠ বিজ্ঞান।

মনোবিদ ***Watson*** বলেন, "Psychology is the science of behaviour" অর্থাৎ মনোবিজ্ঞান হল আচরণ সম্পর্কীয় বিজ্ঞান।

মনোবিদ ***Woodworth*** বলেন, "Psychology is the science of activities in relation to his environment" অর্থাৎ পারিপার্শ্বিক পরিবেশের প্রেক্ষিতে ক্রিয়াকলাপের বিজ্ঞান হল মনোবিজ্ঞান।



Scanned with CamScanner

**প্রশ্ন 4. শিক্ষা-মনোবিজ্ঞানের পরিধি উল্লেখ করো। (Mention the scope of Educational Psychology.)**

**উত্তর :** শিক্ষা পরিবেশে মানুষের আচরণ বিশ্লেষণ করে থাকে শিক্ষা-মনোবিদ্যা। আধুনিক শিক্ষা-মনোবিজ্ঞানের পরিধি বা বিষয়বস্তু হল—শিক্ষণ প্রক্রিয়া, প্রাথমিক মানসিক উপাদান, বিকাশের ধারা, ব্যক্তিসত্তার বিকাশ, শিক্ষণ সঞ্চালন, ব্যক্তিস্বাতন্ত্র্য, পরীক্ষা ও মূল্যায়ন, মানসিক স্বাস্থ্য, অভিযোজন প্রক্রিয়া, নির্দেশনা ও পরামর্শদান, ব্যতিক্রমী শিশুদের শিক্ষা, গবেষণা, শ্রেণিকক্ষ পরিচালনা ইত্যাদি।

**প্রশ্ন 5. মনোবিদ্যাকে বিজ্ঞান বলে কেন? (Why Psychology is called as a Science?)**

**উত্তর :** মনোবিজ্ঞানকে বিজ্ঞান বলা হয় কারণ বিজ্ঞানের শর্তগুলি, যেমন বিস্তৃত জ্ঞান সমষ্টি, নিজস্ব সমস্যা ও তার সমাধানের জন্য গবেষণা, নিজস্ব পদ্ধতি ইত্যাদি সব শর্তই মনোবিজ্ঞানে দেখা যায়।

**প্রশ্ন 6. মনোবিদ্যার কয়েকটি শাখার নাম করো। (Name some division of Psychology.)**

**উত্তর :** সাধারণ মনোবিদ্যা, শিক্ষা-মনোবিদ্যা, অপরাধমূলক মনোবিদ্যা, বিকাশমূলক মনোবিদ্যা, শিশু-মনোবিদ্যা, শিল্প-মনোবিদ্যা ইত্যাদি।

**প্রশ্ন 7. শিক্ষাক্ষেত্রে মনোবিজ্ঞানের প্রয়োজনীয়তা কী? (What is the necessity of Psychology for Education?)**

**উত্তর :** শিক্ষা প্রক্রিয়াকে সার্থক করে তুলতে এবং তার উন্নতিকরণে মনোবিজ্ঞানের তথ্য, তত্ত্ব ও নীতি সম্পর্কে বিশেষ জ্ঞান প্রয়োজন। শিক্ষা প্রক্রিয়ার গুরুত্বপূর্ণ দিক, যেমন—শিক্ষা ও শিক্ষণ পদ্ধতি, পাঠক্রম, মূল্যায়ন ইত্যাদি সবই মনোবিজ্ঞানের আলোচিত বিষয়। তাই শিক্ষাক্ষেত্রে মনোবিজ্ঞানের প্রয়োজনীয়তা রয়েছে।

**প্রশ্ন 8. বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে মনোবিজ্ঞান প্রয়োজনীয় কেন? (Why Psychology is necessary in school education?)**

**উত্তর :** বিদ্যালয় শিক্ষার উদ্দেশ্যগুলি পূরণ করতে যেসব ব্যবস্থা, উপকরণ এবং প্রক্রিয়ার প্রয়োজন হয় তার অধিকাংশই মনোবিজ্ঞানের বিষয়, সেই কারণে বিদ্যালয় শিক্ষার ক্ষেত্রে মনোবিজ্ঞান অপরিহার্য।

**প্রশ্ন 9. 'শিক্ষা-মনোবিজ্ঞান ফলিত-মনোবিজ্ঞানের একটি শাখা'—কেন? ('Educational Psychology is a division of Applied Psychology'—Why?)**

**উত্তর :** মানসিক প্রক্রিয়ার উপর পরীক্ষানিরীক্ষা করে প্রাপ্ত ফলগুলি যখন কোনো বিষয়ে প্রয়োগ করে বিষয়টিকে উন্নত করা হয়, তখন তাকে বলে ফলিত মনোবিদ্যা। এই অর্থে শিক্ষা-মনোবিদ্যা একটি ফলিত মনোবিদ্যা। যেমন—মনোযোগ, প্রেষণা, শিখন, স্মৃতি, সৃজনশীলতা প্রভৃতি মানসিক প্রক্রিয়াগুলির উপর পরীক্ষার ফল শিক্ষাক্ষেত্রে প্রয়োগ করে শিক্ষাকে উন্নত করা হয়। তাই শিক্ষা-মনোবিদ্যা ফলিত মনোবিদ্যার অংশ।

Scanned with CamScanner

**প্রশ্ন 10. শিক্ষা ও মনোবিজ্ঞানের মধ্যে দুটি পার্থক্য উল্লেখ করো। (Find out two differences between Education and Psychology.)**

**উত্তর :** শিক্ষা ও মনোবিজ্ঞানের দুটি পার্থক্য হল—(i) মনোবিজ্ঞান একটি মৌলিক বিজ্ঞান। সেই অর্থে শিক্ষা মৌলিক বিজ্ঞান নয়। দর্শন, মনোবিদ্যা, সমাজবিদ্যা, অর্থনীতি প্রভৃতি সব নিয়েই শিক্ষাবিজ্ঞান। (ii) মনোবিজ্ঞান বিষয়নিষ্ঠ বিজ্ঞান, অপরদিকে শিক্ষা নিয়মনিষ্ঠ বিজ্ঞান।

**প্রশ্ন 11. শিক্ষা-মনোবিজ্ঞানের দুটি পদ্ধতি উল্লেখ করো। (Mention any two methods of Educational Psychology.)**

**উত্তর :** শিক্ষা-মনোবিজ্ঞানের দুটি বহুল প্রচলিত পদ্ধতি হল—(i) **পর্যবেক্ষণ**—কর্ম সম্পাদনকালে ব্যক্তির আচরণের বিশ্লেষণ করে লিপিবদ্ধ করাকেই পর্যবেক্ষণ বলে। (ii) **পরীক্ষামূলক পদ্ধতি**—এই পদ্ধতিতে গবেষণাগারে স্বতন্ত্র চলকের সঙ্গে নির্ভরশীল চলকের সম্পর্ক নির্ণয় করা হয়।

**প্রশ্ন 12. 'শিক্ষা-মনোবিজ্ঞান বিজ্ঞানের একটি বিষয়'—আলোচনা করো। ('Educational psychology is a subject of Science'—Discuss.)**

**উত্তর :** কোনো বিজ্ঞানের বিষয় হতে গেলে কতকগুলি শর্ত মানতে হয়, যেমন—বিষয়ের পরিধি বিস্তৃত হবে, বিষয় অনুশীলনের নিজস্ব পদ্ধতি থাকবে, নিজস্ব সমস্যা থাকবে এবং তার সমাধানের উপায়ও থাকবে। শিক্ষা-মনোবিজ্ঞান এই শর্তগুলি পূরণ করে। এজন্য শিক্ষা-মনোবিজ্ঞান বিজ্ঞানেরই বিষয় বলে স্বীকৃত হয়েছে।

**প্রশ্ন 13. শিক্ষা-মনোবিদ্যার প্রধান উদ্দেশ্য কী? (What is the main objective of Educational Psychology?)**

**উত্তর :** শিক্ষা-মনোবিজ্ঞানের প্রধান উদ্দেশ্য হল নির্দিষ্ট ব্যবস্থা গ্রহণ করা যার সাহায্যে শিক্ষার্থীরা যেমন তাদের সমস্যাসমাধানের মাধ্যমে উন্নত ভবিষ্যতের দিকে এগিয়ে যেতে পারে তেমনি শিক্ষকরাও যাতে তাঁদের পেশাগত ও সমাজগত উদ্দেশ্যপূরণ করতে পারেন।

**প্রশ্ন 14. শিক্ষা-মনোবিজ্ঞানের দুটি আধুনিক প্রবণতা উল্লেখ করো। (Mention two current trends of Educational Psychology.)**

**উত্তর :** শিক্ষা-মনোবিজ্ঞানের দুটি আধুনিক প্রবণতা হল—(i) নির্মিতিবাদ এবং (ii) শ্রেণিকক্ষে শিক্ষার্থী-বৈচিত্র্য।

**প্রশ্ন 15. নিম্ন পারদর্শিতাসম্পন্ন শিক্ষার্থীদের নির্দেশনা দেওয়ার ক্ষেত্রে শিক্ষা-মনোবিজ্ঞানের কোন্ শাখা সাহায্য করে? ( Which content or part of Educational Psychology will help you to deal with low acheiver students?)**

**উত্তর :** নিম্ন সক্ষমতাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষা বা নির্দেশনা দেওয়ার ক্ষেত্রে শিক্ষা-মনোবিজ্ঞানের বিকাশমূলক শাখা এবং সংশোধনমূলক শিক্ষা বিশেষ সাহায্য করে।

Scanned with CamScanner

**প্রশ্ন 16. মানসিক প্রতিরূপ বলতে কী বোঝায়? (What do you mean by mental representation?)**

**উত্তর :** কোনো বস্তু বা ব্যক্তি সম্পর্কে একাধিক তথ্য ক্রমান্বয়ে একত্রিত ও সংগঠিত হয়ে ওই বস্তু বা ব্যক্তি সম্পর্কে যে প্রতিরূপ স্মৃতিতে সংরক্ষিত হয় তাকে মানসিক প্রতিরূপ বলে। তবে মানসিক প্রতিরূপ কোনো প্রতিচ্ছবি নয়। এটি একটি সক্রিয় ও পরিবর্তনশীল সংগঠন।

**প্রশ্ন 17. মনোবিজ্ঞান ও শিক্ষাবিজ্ঞানের মধ্যে সম্পর্কের কয়েকটি ক্ষেত্র চিহ্নিত করো। (Mention few areas of interrelationship between Psychology and Education.)**

**উত্তর :** শিক্ষার উদ্দেশ্য হল ব্যক্তিমনের বিকাশ সাধন করা, আবার মনোবিজ্ঞানের উদ্দেশ্য হল মানুষের মন ও আচরণের অনুশীলন করা, কাজেই উভয়ের মধ্যে একটি ঘনিষ্ঠ সম্পর্ক আছে, এ কথা নিঃসন্দেহে বলা যায়। নিম্নলিখিত ক্ষেত্রসমূহে এই সম্পর্ক বিশেষভাবে দেখা যায়—উদ্দেশ্য নির্দিষ্টকরণ, পাঠক্রম প্রণয়ন, শিক্ষণ পদ্ধতি গ্রহণ, বিদ্যালয় পরিচালনা, আচরণগত সমস্যার কারণ নির্ণয় ও সমাধান ইত্যাদি।

**প্রশ্ন 18. একজন শিক্ষকের মনোবিদ্যার জ্ঞান থাকা প্রয়োজন কেন, দুটি কারণ উল্লেখ করো। (Give two reasons, why a teacher should have the knowledge of Psychology.)**

**উত্তর :** বিভিন্ন কারণে একজন শিক্ষকের মনোবিজ্ঞানের জ্ঞান থাকা প্রয়োজন। তার মধ্যে উল্লেখযোগ্য দুটি কারণ হল—(i) শিক্ষার্থীর জন্মগত প্রবণতা, মানসিক ক্ষমতার বিকাশ নিয়ন্ত্রণ ও ব্যবহারের মাধ্যমে, তার ভবিষ্যৎ জীবনকে সুগঠিত করার ক্ষেত্রে শিক্ষকের এই জ্ঞান থাকা প্রয়োজন। (ii) শিক্ষাক্ষেত্রে শিক্ষক যেসব সমস্যার সম্মুখীন হন, সেগুলি সমাধান করার জন্যও মনোবিজ্ঞানের জ্ঞান থাকা প্রয়োজন।

**প্রশ্ন 19. শিক্ষা-মনোবিজ্ঞানের বিজ্ঞানধর্মিতার সপক্ষে দুটি যুক্তি দাও। (Give two reasons to justify the scientific nature of Educational Psychology.)**

**উত্তর :** শিক্ষা-মনোবিজ্ঞান অবশ্যই বিজ্ঞানধর্মী। এর কারণ হল—(i) শিক্ষা-মনোবিজ্ঞান যে-কোনো শিক্ষামূলক পরিস্থিতিতে মানসিক প্রক্রিয়া, আচরণ ইত্যাদির গতিপ্রকৃতি অনুশীলন করে এবং তাদের সম্পর্কে বিশেষ ও সামগ্রিক জ্ঞান সরবরাহ করে। (ii) শিক্ষা-মনোবিজ্ঞান শিক্ষাসংক্রান্ত বিভিন্ন সমস্যার সমাধানে পরীক্ষানিরীক্ষা করে এবং তা প্রয়োগ করে।

**প্রশ্ন 20. শিক্ষা-মনোবিদ্যা কি একটি স্বতন্ত্র বিষয়? তোমার উত্তরের সপক্ষে দুটি যুক্তি দাও। (Would you consider Educational Psychology as an independent subject? Give two reasons.)**

**উত্তর :** শিক্ষা-মনোবিদ্যা অবশ্যই একটি স্বতন্ত্র বিষয়। কারণ—(i) আধুনিক শিক্ষা-মনোবিদ্যায় শুধুমাত্র মনোবিজ্ঞানের জ্ঞানকে প্রয়োগ করা হয় না, বরং নানারকম

Scanned with CamScanner

পরীক্ষানিরীক্ষা করে, শিশুমন ও শিখন-সংক্রান্ত নানারকম তাৎপর্যপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ করে। তাই বর্তমানে শিক্ষা-মনোবিদ্যাকে পৃথক জ্ঞানের ক্ষেত্র হিসেবে বিবেচনা করা হয়। (ii) স্বতন্ত্র জ্ঞানের ক্ষেত্র হিসেবে আধুনিক শিক্ষা-মনোবিদ্যা তার নিজস্ব কৌশলে শিক্ষার্থীদের আচরণ সম্পর্কে অনুশীলন করছে এবং তার ফলাফলকে সামগ্রিকভাবে শিক্ষা প্রক্রিয়ার উন্নতির জন্য প্রয়োগ করছে।

**প্রশ্ন 21. শিক্ষা কীভাবে মনোবিজ্ঞানের সঙ্গে সম্পর্কিত? (How is Education related to Psychology?)**

**উত্তর :** আধুনিক শিক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ লক্ষ্য হল, শিক্ষার্থীর সামর্থ্যের বিকাশসাধন। শিক্ষার এই লক্ষ্য রূপায়ণে মনোবিজ্ঞানের সহযোগিতা একান্ত প্রয়োজন। এ ছাড়া শিক্ষার্থীর শিখন প্রক্রিয়ার সাফল্য নির্ভর করে তার প্রত্যক্ষণ, চিন্তন, বিচারকরণ, স্মরণ, স্কিমা গঠন ইত্যাদি কতকগুলি মানসিক প্রক্রিয়ার কার্যকারিতার সাফল্যের উপর। মনোবিজ্ঞানের জ্ঞান থেকেই শিক্ষকেরা উপরোক্ত প্রক্রিয়াগুলি সম্পর্কে অবহিত হন এবং সেইমতো শিক্ষণ পদ্ধতি নির্বাচন করেন। সুতরাং, নানান দিক থেকেই শিক্ষা ও মনোবিজ্ঞান যে ঘনিষ্ঠ সম্পর্ক সূত্রে আবদ্ধ, এতে সন্দেহের কোনো অবকাশ নেই।

**প্রশ্ন 22. মনোবিজ্ঞানের জ্ঞান শিক্ষককে কীভাবে সাহায্য করে? (How can the knowledge of Psychology help a Teacher?)**

**উত্তর :** শিক্ষার অন্যতম গুরুত্বপূর্ণ উদ্দেশ্য হল শিক্ষার্থীর মধ্যে মানসিক সামর্থ্যের বিকাশসাধন, তথা উন্নত মানসিক স্বাস্থ্য গড়ে তোলা।

শিক্ষা-মনোবিজ্ঞান শিক্ষার্থীদের স্মরণ, গ্রহণ, উপলব্ধিকরণ, বিচারকরণ, শিক্ষার্থীর মৌলিক চাহিদাসমূহ, অসংগতি, অপরাধপ্রবণতা ইত্যাদি বিষয়গুলি আলোচনা করে।

শিক্ষা-মনোবিজ্ঞানের জ্ঞান থাকলে শিক্ষক উপরোক্ত বিষয়গুলি সম্পর্কে ওয়াকিবহাল হতে পারেন এবং শিক্ষার্থীদের ভারসাম্যপূর্ণ মানসিক স্বাস্থ্য গঠনে উপযুক্ত ভূমিকা গ্রহণ করতে পারেন।

**প্রশ্ন 23. মনোবিজ্ঞান শিক্ষাকে প্রভাবিত করে এমন দুটি ক্ষেত্র উল্লেখ করো। (Mention two areas where Education influenced by Psychology.)**

**উত্তর :** মনোবিজ্ঞান আধুনিক শিক্ষাকে নানাভাবে প্রভাবিত করেছে। যে দুটি ক্ষেত্রে মনোবিজ্ঞানের অধিক গুরুত্বপূর্ণ প্রভাব আমরা দেখতে পাই, তা হল—

(i) আধুনিক শিক্ষা শিশুকেন্দ্রিক। অর্থাৎ শিশুর আগ্রহ, রুচি, সামর্থ্য অনুযায়ী শিক্ষা-পরিকল্পনার কথা এখানে বলা হয়েছে। শিক্ষার এই প্রকৃতি মনোবিজ্ঞানের নির্দেশনা প্রসূত। (ii) আধুনিক শিক্ষায় খেলাচ্ছলে শিক্ষাদানের কথা বলা হয়েছে। এই নীতির পিছনেও রয়েছে মনোবিজ্ঞানের নিজস্ব নির্দেশনা।

Scanned with CamScanner

সংক্রান্ত চলের সম্পর্ক নির্ণয়মূলক পরীক্ষা, 2. ব্যক্তি সংক্রান্ত চলের সঙ্গে প্রতিক্রিয়া সংক্রান্ত চলের সম্পর্ক নির্ণয়মূলক পরীক্ষণ এবং 3. দুই প্রকার ব্যক্তি সংক্রান্ত চলের মধ্যে সম্পর্ক নির্ণয়মূলক পরীক্ষণ।

**প্রশ্ন 36. শিক্ষা-মনোবিদ্যার কাজ কী? (What is the function of Educational Psychology ?)**

**উত্তর :** শিক্ষা-মনোবিদ্যার মুখ্য কাজ হল মানুষের শিখনকে উন্নত এবং সহজতর করার পদ্ধতি আবিষ্কার করা, শিক্ষকের পাঠদানের দক্ষতা বৃদ্ধি করা, শিক্ষার্থীদের আচরণগত সমস্যা দূর করা ইত্যাদি।

**প্রশ্ন 37. পর্যবেক্ষণ পদ্ধতি কাকে বলে? (What is Observation Method ?)**

**উত্তর :** আক্ষরিক অর্থে পর্যবেক্ষণ পদ্ধতি হল বাইরে থেকে দেখা। ব্যক্তির বাহ্যিক আচরণ লক্ষ করে তথ্যসংগ্রহের মাধ্যমে ব্যক্তির অভ্যন্তরে যে মানসিক প্রক্রিয়া ক্রীয়াশীল তা অধ্যয়ন করাই হল মনস্তত্ত্বে পর্যবেক্ষণের উদ্দেশ্য।

**প্রশ্ন 38. পর্যবেক্ষণ পদ্ধতির বৈশিষ্ট্যগুলি উল্লেখ করো। (Mention the features of Observation Method.)**

**উত্তর :** পর্যবেক্ষণ পদ্ধতির নানাবিধ বৈশিষ্ট্য পরিলক্ষিত হয়। এগুলি হল—1. এটি মূলত নির্বাচনমূলক। 2. এই পদ্ধতির মাধ্যমে নির্ভরযোগ্য তথ্য সংগ্রহ করা সম্ভবপর হয়। 3. এর মাধ্যমে সামাজিক আচরণ সম্পর্কিত জ্ঞান অর্জন করা সম্ভবপর হয়। 4. এই পদ্ধতিতে ব্যক্তিগত প্রভাব দেখা যায়। 5. পর্যবেক্ষণ পদ্ধতির একটি নির্দিষ্ট বাস্তবমুখী উদ্দেশ্য বিদ্যমান।

**প্রশ্ন 39. নিয়ন্ত্রিত পর্যবেক্ষণ কাকে বলে? (What is Controlled Observation ?)**

**উত্তর :** নিয়ন্ত্রিত পরিবেশ ও পরিস্থিতিতে পর্যবেক্ষণকে নিয়ন্ত্রিত পর্যবেক্ষণ বলে। পরীক্ষণ হল নিয়ন্ত্রিত পর্যবেক্ষণ। এখানে পূর্বনির্দিষ্ট পরিবেশের মধ্যে বা কৃত্রিম পরিবেশ সৃষ্টির মাধ্যমে মানুষের আচার-আচরণ পর্যবেক্ষণ করা হয়।

**প্রশ্ন 40. অনিয়ন্ত্রিত পর্যবেক্ষণ কাকে বলে? (What is Non-controlled Observation ?)**

**উত্তর :** কোনোরকম কৃত্রিম পরিবেশ ছাড়াই সম্পূর্ণ প্রাকৃতিক বা বাস্তব পরিবেশে আচরণ পর্যবেক্ষণ করাকেই অনিয়ন্ত্রিত পর্যবেক্ষণ বলে অভিহিত করা হয়। এইপ্রকার পর্যবেক্ষণের ক্ষেত্রে প্রত্যক্ষ এবং পরোক্ষ উভয় পদ্ধতি ব্যবহৃত হয়ে থাকে। যেহেতু সম্পূর্ণ নিয়ন্ত্রণহীন প্রাকৃতিক পরিবেশে মানুষের আচার-আচরণ পর্যবেক্ষণ করা সম্ভবপর হয় তাই এইপ্রকার পর্যবেক্ষণ পদ্ধতিতে প্রকৃত উপাত্ত উদ্‌ঘাটন করা সম্ভবপর হয়।

**প্রশ্ন 41. অংশগ্রহণ পর্যবেক্ষণ কাকে বলে? (What is Participant Observation ?)**

**উত্তর :** এইপ্রকার পর্যবেক্ষণ পদ্ধতিতে যে পরিবেশের মধ্যে অনুসন্ধান কার্য সংঘটিত হয় পর্যবেক্ষক সেই পরিবেশে অন্তর্ভুক্ত হয়ে ঘটনাসমূহ পর্যবেক্ষণ করেন। অর্থাৎ এই প্রকার পদ্ধতির ক্ষেত্রে অনুসন্ধানকারী গোষ্ঠীর সদস্যদের সঙ্গে ঘনিষ্ঠভাবে অবস্থান করে ব্যক্তিগত অভিজ্ঞতার মাধ্যমে বিষয়বস্তুসমূহ

Scanned with CamScanner

শিক্ষার্থীর বিকাশ সম্পর্কে মন্তব্য করা হয়। (খ) কেস হিস্ট্রিতে শিক্ষার্থীর বিশেষ সমস্যা সম্পর্কিত তথ্য বিচার করা হয়, কেস স্টাডিতে সমগ্র ব্যক্তি সম্পর্কে মন্তব্য করা হয়। (গ) কেস হিস্ট্রি প্রধানত চিকিৎসামূলক। কেস স্টাডি প্রধানত বিকাশমূলক।

**প্রশ্ন 48. কেস স্টাডি কাকে বলে? (What is Case Study?)**

**উত্তর:** *P V Young*-এর মতে, "ঘটনা অনুধ্যান হল এমন একটি পদ্ধতি যেখানে একটি সামাজিক এককের জীবনধারা অনুসন্ধান ও বিশ্লেষণ করা সম্ভবপর হয় এবং সেই সামাজিক এককে বিদ্যমান থাকে কোনো ব্যক্তি, পরিবার, প্রতিষ্ঠান, সাংস্কৃতিক দল বা সমগ্র সম্প্রদায়ও।"

**প্রশ্ন 49. কেস স্টাডিতে কী ধরনের তথ্য সংগ্রহ করা হয়? (What type of data collected in Case Study?)**

**উত্তর:** কেস স্টাডিতে নিম্নলিখিত তথ্যগুলি সংগ্রহ করা হয়—(ক) শারীরিক, মানসিক, বৌদ্ধিক, প্রাক্ষোভিক, আর্থসামাজিক এবং কৃষ্টিগত পরিবেশ সম্পর্কিত তথ্য। (খ) পরিবারের অতীত এবং বর্তমান অবস্থা। (গ) শিক্ষার্থীর বিকাশ এবং বর্তমান অবস্থা।

**প্রশ্ন 50. কেস স্টাডি প্রস্তুতিতে দুটি অসুবিধার কথা উল্লেখ করো। (Mention two demerits of Case Study preparation.)**

**উত্তর:** কেস স্টাডি প্রস্তুতিতে 2টি অসুবিধা হল—1. এটি অত্যন্ত জটিল ও সময়সাপেক্ষ। 2. যথেষ্ট অভিজ্ঞ না হলে কেস স্টাডি করা উচিত নয়। এই ধরনের অভিজ্ঞ ব্যক্তির সংখ্যা কম।

**প্রশ্ন 51. কেস স্টাডি পদ্ধতির শ্রেণিভাগগুলির নাম লেখো। (Mention the types of Case Study method.)**

**উত্তর:** সাধারণভাবে কেস স্টাডি পদ্ধতির প্রকারভেদগুলি হল—

1. ঐতিহাসিক ঘটনা অনুধ্যান।
2. পর্যবেক্ষণমূলক ঘটনা অনুধ্যান।
3. মৌখিক তথ্যনির্ভর ঘটনা অনুধ্যান।
4. পরিস্থিতিমূলক ঘটনা অনুধ্যান।
5. চিকিৎসা সম্পর্কিত ঘটনা অনুধ্যান।
6. একাধিক ঘটনা অনুধ্যান।

**প্রশ্ন 52. সার্ভে পদ্ধতির সুবিধাগুলি লেখো। (Write the merits of Survey method.)**

**উত্তর:** 1. শিক্ষাবিজ্ঞান বিষয়ে সমীক্ষা বা গবেষণায় এই পদ্ধতির বহুল ব্যবহার দেখা যায়। 2. শিক্ষাবিজ্ঞান সমেত সমাজবিজ্ঞানের বিভিন্ন বিষয়ে এমন অনেক সমস্যা আছে যার উপর সমীক্ষা বা গবেষণার ক্ষেত্রে সার্ভে পদ্ধতি ব্যতীত অন্য

Scanned with CamScanner

কোনো পদ্ধতি ব্যবহার করা সম্ভব নয়। 3. বিস্তৃত ক্ষেত্র নিয়ে সমীক্ষা করার জন্য এই পদ্ধতি আদর্শ। 4. সার্ভে পদ্ধতি তাত্ত্বিক বা ফলিত উভয় গবেষণার ক্ষেত্রে প্রয়োগ করা যায়।

**প্রশ্ন 53. সার্ভে পদ্ধতির অসুবিধাগুলি লেখো। (Write the demerits of Survey method.)**

**উত্তর :** 1. সার্ভে পদ্ধতিতে বৃহৎ দলের প্রয়োজন হয়। বৃহৎ দল গঠন করা এবং তাদেরকে ধরে রেখে সমীক্ষা করা কঠিন ব্যাপার। আবার বৃহৎ দল না হলে সমস্যার গভীরে যাওয়া যায় না। 2. এই পদ্ধতিটি ব্যয়বহুল ও সময়সাপেক্ষ। 3. সার্ভে পদ্ধতির তথ্যগুলি নমুনার উপর ভিত্তি করে সংগৃহীত হওয়ার ফলে সবসময় সমগ্র অংশের প্রতিনিধিত্ব নাও করতে পারে।

**প্রশ্ন 54. পরীক্ষণমূলক পদ্ধতির কয়েকটি সুবিধা লেখো। (Write some merits of Experimental Design.)**

**উত্তর :** 1. পরীক্ষণমূলক পদ্ধতি সর্বোৎকৃষ্ট ধারাবাহিক পদ্ধতি। এর সিদ্ধান্তগুলি নির্ভরযোগ্য। 2. সিদ্ধান্তগুলির যথার্থতা অন্যদের দ্বারা বিচার করা সম্ভব। 3. সমস্যা সম্পর্কিত নৈর্ব্যক্তিক তথ্য সরবরাহ করে। 4. তথ্য বিশ্লেষণে কম্পিউটারের সাহায্য নেওয়া যায়। 5. শিক্ষার্থীদের আচরণে কার্যকারণ সম্পর্ককে উত্তমভাবে জানা যায়। 6. পুরোনো চিন্তাধারাকে পরীক্ষা করে এবং সমস্যাকে নতুনভাবে দেখতে সাহায্য করে।

**প্রশ্ন 55. সার্ভে পদ্ধতির শ্রেণিভাগগুলি উল্লেখ করো। (Mention the types of Survey method.)**

**উত্তর :** সার্ভে পদ্ধতির তিনটি শ্রেণি আছে—

1. **ফিল্ড স্টাডি (Field Study):** এখানে ঘটনা যেখানে ঘটে সেখানে গিয়ে অনিয়ন্ত্রিত চলকে নিয়ন্ত্রণ করা হয়। সাধারণ শ্রেণিকক্ষে নিয়ে শিক্ষার্থীদের শিক্ষা-শিখন পরিস্থিতিতে আচরণ পরিচালিত করতে হয়।

2. **বিকাশমূলক সার্ভে (Developmental Survey):** বিকাশমূলক সার্ভে ক্লিনিক্যাল সার্ভের ন্যায়। এই ধরনের সার্ভে উল্লম্ব (Longitudinal) ও অনুভূমিক (Cross-sectional) হতে পারে।

3. **পার্থক্যমূলক সার্ভে (Differential Survey):** এই পদ্ধতি বিভিন্ন জাতি বা বিভিন্ন ঐতিহ্যপূর্ণ দেশের মধ্যে শিক্ষা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে পার্থক্য নিরূপণে প্রয়োগ করা হয়। যেমন—শ্বেতকায় ও কৃষ্ণবর্ণ নিগ্রোদের মধ্যে বুদ্ধির পার্থক্য।

Scanned with CamScanner

**প্রশ্ন 56. শিক্ষা-মনোবিজ্ঞানের উপর পরীক্ষনিরীক্ষা করেছেন এমন 5জন মনোবিদের নাম করো।**

**উত্তর :** শিক্ষা-মনোবিজ্ঞানের উপর পরীক্ষনিরীক্ষা করেছেন এমন 5জন মনোবিদের নাম হল—(ক) থর্নডাইক, (খ) এবিংহস, (গ) বি এফ স্কিনার, (ঘ) পিয়াজে, (ঙ) ব্রুনার।

**প্রশ্ন 57. মনোবিজ্ঞানের চারটি পদ্ধতি উল্লেখ করো।**

**উত্তর :** মনোবিজ্ঞানের চারটি পদ্ধতি হল—(ক) অন্তর্দর্শন, (খ) পর্যবেক্ষণ, (গ) ক্লিনিক্যাল পদ্ধতি, (ঘ) পরীক্ষামূলক পদ্ধতি।

**প্রশ্ন 58. শিক্ষা-মনোবিজ্ঞানের চারটি পদ্ধতির উল্লেখ করো।**

**উত্তর :** শিক্ষা-মনোবিজ্ঞানের চারটি পদ্ধতি হল—(ক) পর্যবেক্ষণ, (খ) শ্রেণিকক্ষ মিথস্ক্রিয়া পদ্ধতি, (গ) সার্ভে পদ্ধতি, (ঘ) পরিসংখ্যানমূলক পদ্ধতি।

**প্রশ্ন 59. যে দুটি প্রধান মনোবিজ্ঞানের নীতির উপর আধুনিক শিক্ষণ পদ্ধতিগুলি প্রতিষ্ঠিত তাদের উল্লেখ করো।**

**উত্তর :** যে দুটি প্রধান মনোবিজ্ঞানের নীতির উপর আধুনিক শিক্ষণ পদ্ধতিগুলি প্রতিষ্ঠিত সেগুলি হল—(ক) জানা থেকে অজানা নীতি এবং (খ) সহজ থেকে জটিল নীতি।

**প্রশ্ন 60. শিক্ষার ক্ষেত্রে মনোবিজ্ঞানের কোন্ বিষয়টি বিশেষভাবে আলোচিত হয়?**

**উত্তর :** শিখন সংক্রান্ত বিষয়টি বিশেষভাবে আলোচিত হয়। আলোচনাগুলি হল—শিখনের সংজ্ঞা ও ধারণা, প্রকৃতি, পরিধি, তাত্ত্বিক ব্যাখ্যা, শিখনে প্রভাব বিস্তারকারী উপাদান, শিখন সঞ্চালন প্রভৃতি।

## সংক্ষিপ্ত প্রশ্ন ও উত্তর — Marks 5

**প্রশ্ন 1. মনোবিদ্যা বা মনোবিজ্ঞানের বিভিন্ন শাখাগুলির বর্ণনা দাও। (Describe the different branches of Psychology.)**

**উত্তর :** অনুশীলন এবং ব্যাবহারিক গুরুত্বের কারণে মনোবিদ্যা খুব অল্প সময়ের মধ্যে তার নিজস্ব অনুশীলনের ক্ষেত্রকে বিস্তৃত করতে সক্ষম হয়েছে। আধুনিক মনোবিদ্যার ক্ষেত্র এত বিস্তৃত হয়েছে যে, মনোবিজ্ঞানের বিষয়বস্তুকে নির্দিষ্ট আলোচনার মধ্যে ধরে রাখা যাচ্ছে না। ফলে, মনোবিদ্যার মধ্যেই বিশেষীকরণের (Specialization) প্রক্রিয়া শুরু হয়েছে এবং মনোবিদ্যার পৃথক পৃথক শাখা গড়ে উঠেছে। যেমন—

1. **দেহতত্ত্বগত মনোবিদ্যা (Physiological Psychology):** দৈহিক গঠনের পরিপ্রেক্ষিতে মানসিক প্রক্রিয়াকে মনোবিদ্যার যে শাখায় আলোচনা করে তার নাম হল দেহতত্ত্বগত মনোবিদ্যা। ইন্দ্রিয় (Sense), পেশি (Muscle), গ্রন্থি (Glands), মস্তিষ্ক (Brain) এবং সম্পূর্ণ স্নায়ুতন্ত্র (Nervous system) হল দেহতত্ত্বগত মনোবিদ্যার বিষয়বস্তু।